গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.dwa.gov.bd

স্মারক নং: ৩২.০১.০০০০.০০১.২৩.২০১৯-৮৪৬ তারিখঃ ০৮/০৮/২০১৯

বিষয়ঃ **মাতথ্য-সমৃদ্ধকরণ এবং তথ্যাদি হালনাগাদকরণের জন্য ~~প্রত্যন্ত~~ মাঠ পর্যায়ের অফিসসমূহের তথ্য বাতায়ন অধিকতর উন্নয়ন ও হালনাগাদকরণ ও তথ্য বাতায়ন অধিকতর ব্যাবহারকারীবান্ধবকরণ,**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং ০৪.০০.০০০০.৮৩৩.৩৬.০০১.০৮.১৩০ তারিখঃ ০৪ জুলাই ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যচ্ছে যে, জাতীয় তথ্য বাতায়নের অধীনে বাস্তবায়িত মন্ত্রণালয়/বিভাগ,অধিদপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের তথ্য বাতায়ন অধিকতর উন্নয়ন ও হালনাগাদকরণ ও তথ্য বাতায়ন অধিকতর ব্যাবহারকারীবান্ধবকরণ, তথ্য-সমৃদ্ধকরণ এবং তথ্যাদি হালনাগাদকরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলঃ

ক) সকল কর্মকর্তার ছবি, ফোন নম্বরসহ হালনাগাদ তথ্য সংযোজন করা;

খ) তথ্য বাতায়নে 'আইন/নীতিমালা/প্রজ্ঞাপন/পরিপত্র' নামক সেবাবক্সে মন্ত্রণালয়/ বিভাগের সংশ্লিষ্ট সকল আইন, বিধি, প্রজ্ঞাপন, পরিপত্র,প্রবিধান ও নির্দেশিকা ইত্যাদি আপলোড করা;

গ) তথ্য বাতায়নে বাংলা ও ইংরেজি ভার্সনের তথ্যর মধ্যে সামঞ্জস্য বজায় রাখা ও মানসম্মত তথ্য সংযোজন;

ঘ) তথ্য বাতায়নে কি কি তথ্য ও সেবা সম্প্রতি সংযোজন করা হয়েছে তা ব্যাবহারকারীদের নিকট জ্ঞাতকরণের ব্যাবস্থা গ্রহণ;

ঙ) তথ্য বাতায়ন ব্যাবহারকারীবান্ধবকরণে তথ্য বাতায়নের ম্যানুয়াল ও ভিডিও গাইডলাইন দেখে বাতায়নের তথ্য-উপাত্ত আপলোড এবং সজ্জিতকরণ এবং

চ) তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য আওতাধীন দপ্তর/ সংস্থাকে নির্দেশনা প্রদান এবং নিয়মিত পরিবীক্ষণ।

উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী আগামী ২২/০৮/২০১৯ তারিখের মধ্যে তার জেলা কার্যালয়ের তথ্যবাতায়ন হালনাগাদকরণসহ সকল উপজেলা কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদকরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ হল।

মোঃ আতাউর রহমান
পরিচালক (যুগ্মসচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর

উপপরিচালক
সকল